



তথ্যবিবরণী

নম্বর : ৩৩

শেরপুরে 'স্মার্ট বাংলাদেশ: গণমাধ্যম ব্যক্তির করণীয়' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত
ময়মনসিংহ

(১১ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি.)

আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহের উদ্যোগে শেরপুরের গণমাধ্যমকর্মীদের নিয়ে "স্মার্ট বাংলাদেশ: গণমাধ্যম ব্যক্তির করণীয়" বিষয়ে সেমিনার অনুষ্ঠিত হয়। শেরপুর জেলা প্রশাসনের সহযোগিতায় জেলা প্রশাসক সম্মেলন কক্ষে সোমবার এ সেমিনার আয়োজন করা হয়।

সেমিনারে সভাপতিত্ব করেন জেলা প্রশাসক আব্দুল্লাহ আল খায়রুম। প্রধান আলোচক হিসেবে বক্তব্য রাখেন ময়মনসিংহ আঞ্চলিক তথ্য অফিসের উপপ্রধান তথ্য অফিসার মোহাম্মদ ওমর ফারুক দেওয়ান। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন অতিরিক্ত জেলা প্রশাসক সার্বিক মুকতারিদরুল আহমেদ। সেমিনারে মূল প্রবন্ধের উপর আলোচনা করেন শেরপুর প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক আদিল মাহমুদ উজ্জ্বল ও সভাপতি রফিকুল ইসলাম আধার। অন্যান্যের মধ্যে আলোচনা করেন বাংলা ভিশনের প্রতিনিধি এম এ হাকাম হীরা, ইন্ডিপেন্ডেন্ট টেলিভিশনের প্রতিনিধি মেরাজ উদ্দিন, আমাদের সময়ের প্রতিনিধি সাবিহা জামান শাপলা, দৈনিক আমার সংবাদ এর প্রতিনিধি মলয় মোহন বল প্রমুখ।

সেমিনারে স্মার্ট বাংলাদেশ গঠনে শেরপুর জেলার প্রস্তুতি নিয়ে আলোচনা করা হয়। এছাড়া স্মার্ট বাংলাদেশ গঠনে সাংবাদিকদের প্রস্তুতি ও করণীয় নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

#

দেওয়ান/রেদওয়ান/মনির/২০২৩/১৮:০০ ঘণ্টা